গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
মৌলভীবাজার।

স্মারক নং ঃ ৩৮.০১.৫৮০০.০০০.২৩.০০২.১৪-৩১০৭

তারিখ ঃ ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রি.।

বিষয় ঃ **নতুন বছরে মৌলভীবাজার জেলার প্রাথমিক শিক্ষায় গুণগত মান নিশ্চিতকরণে পরামর্শ বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এই জেলার প্রাথমিক শিক্ষার মানে গুণগত পরিবর্তন আনতে নিম্নের করণীয় ও পরামর্শসমূহ বাস্তবায়নে আপনাদের সহযোগিতা ও সম্পৃক্ততা কামনা করছি।

আপনাদের সবার প্রতি ইংরেজী নববর্ষ ২০১৮ এর শুভেচ্ছো। প্রাথমিক শিক্ষায় মৌলভীবাজার জেলার সাফল্য (শতভাগ শিশুর বিদ্যালয়ে ভর্তি, ঝরে পড়ার হার ১২.০৩%, সমাপনী পরিক্ষায় পাশের হার ৯৪.৩১%) অর্জনের মূলে আপনাদের আন্তরিকতাপূর্ণ দায়িত্ব পালনকে আমরা অত্যন্ত গর্বের সাথে স্বীকার করি। পাশপাশি প্রাথমিক শিক্ষা বিভাগের সকল পরিদর্শনকারী কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক, এসএমসি/পিটিএ সদস্যবৃন্দসহ শিক্ষার্থীদের সম্মিলিত অবদানও এ সাফল্যের সমান অংশীদার।

২। বিগত বছরগুলোর ন্যায় নতুন বছরেও প্রাথমিক বিদ্যালয়ের ভৌত অবকাঠামোগত সুবিধাদি শিশুবান্ধব ও আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণের প্রয়াস যেমন প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ, ভবন বহু রঙে রঙীন করা, টয়লেট পরিচ্ছন্ন রাখা, শ্রেণি কক্ষে- Bin রাখা ইত্যাদি কার্যক্রম অব্যাহত থাকবে।

৩। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর শিখন হলো তার সুদীর্ঘ শিক্ষা জীবনের ভিত্তি। এ স্তরের শিক্ষা গ্রহণ শেষে বাংলা, ইংরেজী ভাষায় পাঠ্যবই বহির্ভূত যে কোন Text সাবলিলভাবে পড়তে পারা ও সঠিকভাবে লিখতে পারা এবং গণিতের মৌলিক চার নিয়মের যে কোন সহজ সমস্যা সমাধান করতে পারা - প্রতিটি শিক্ষার্থীর শিখন অধিকার। শিক্ষার্থীদের অভিভাবকসহ সমাজের সকলে এটাই প্রত্যাশা করে। তাই শিক্ষার্থীদের এই ন্যুনতম শিখন চাহিদাটুকু পূরণে কারিকুলাম ও সিলেবাস অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পাশাপাশি শিখন শেখানো কার্যাবলীতে নিম্নের পরামর্শসমূহ সংযোজন করতে আপনাদের অনুরোধ জানাচ্ছি।

- প্রাক-প্রাথমিক, প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে সকল শিক্ষার্থী যাতে সংশ্লিষ্ট শ্রেণি উপযোগী (নির্ধারিত) বাংলা ও ইংরেজী বর্ণমালা/সংখ্যা এবং বাংলা "কার চিহ্ন" চিনতে, বলতে/পড়তে (সঠিক উচ্চারণ) এবং সঠিক আকৃতিতে লিখতে পারে- সে লক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা এবং নিয়মিত অগ্রগতি যাচাই।
- বর্ণ ও শব্দ কার্ড ব্যবহার পূর্বক খেলার মাধ্যমে আনন্দদায়ক পরিবেশ সৃষ্টি করে ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের শব্দ ও বাক্য সাবলিলভাবে পড়তে পারা নিশ্চিতকরণ।
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ের ক্লাশে মূল বিষয়ের পাঠদানের পাশাপাশি পাঠ্যবই এবং পাঠ্যবই বহির্ভূত Text এর সরব পাঠ, একাকী পাঠ, Text থেকে প্রশ্ন করা, Text সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দেয়া ইত্যাদি বিষয় নিয়মিত অনুশীলন এর ব্যবস্থা গ্রহণ।
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ের শ্রেণি কার্যক্রমে সাপ্তাহিক/পাক্ষিক Reading Test পরিচালনা।
- গণিত বিষয়ে শ্রেণি কার্যক্রমে ২য় শ্রেণি থেকেই গণিতের চারটি মৌলিক নিয়মের ( শ্রেণি উপযোগী) সহজ সমস্যা সমাধানের কৌশল (উপকরণ ব্যবহারপূর্বক ) শেখানো।
- ২য়- ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য বাংলা ও ইংরেজী বিষয়ে ৫ বাক্যের পাঠ্যবই বহির্ভূত Text পড়তে পারা যাচাই এর লক্ষে প্রতিটি সাময়িক পরীক্ষায় ৫ নম্বরের বিভাজন রাখা।

উল্লেখ্য, বাংলায় সাবলিলভাবে পড়তে পারার দক্ষতা শিক্ষার্থীদের পরিবেশ পরিচিতি, প্রাথমিক বিজ্ঞান ও ধর্ম বিষয়ে কাঙ্খিত শিখন অর্জনে সহায়তা করবে। তাছাড়াও শিক্ষার্থীর বাংলা ও ইংরেজী ভাষায় সাবলিলভাবে পড়তে পারার দক্ষতা শিক্ষার্থীদের ভবিষ্যৎ উচ্চতর শ্রেণিতে অধ্যয়নে উদ্দীপনা এবং সাহস যোগাবে।

৪। প্রতিটি অধ্যায়ের পাঠদান শেষে চকবোর্ডে প্রশ্ন লিখে এবং শিক্ষার্থীর খাতায় (দরিদ্র পরিবারের শিশুদের SLIP থেকে খাতা দেয়া যেতে পারে) উত্তর প্রদানের ব্যবস্থা রেখে মূল্যায়নের উদ্যোগ শিক্ষার্থীর শিখন অগ্রগতি সহায়ক হবে।

৫। শিক্ষকতা কোন চাকুরী নয়, বরং এ পেশায় নিয়োজিত আপনাদের সকলেই একজন মিশনারী। মৌলভীবাজার জেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থীর প্রাথমিক শিক্ষা চক্র সমাপনান্তে বাংলা ও ইংরেজী ভাষায় যে কোন Text সাবলিলভাবে পড়তে পারা এবং গণিতের মৌলিক চার নিয়মের সহজ সমস্যা সমাধান করতে পারা- এ ভিশন বাস্তবায়নে উপরোল্লিখিত পরামর্শসমূহ প্রতিপালনে প্রচেষ্টা গ্রহণের জন্য আপনাদের সকলের প্রতি রইলো অনুরোধ।

৬। প্রাথমিক বিদ্যালয়ই হচ্ছে নৈতিকতা, দেশপ্রেম, পরোপকার ইত্যাদি মূল্যবোধসম্পন্ন আগামীর বাংলাদেশ বিনির্মাণ উপযোগী শিশু হিসেবে গড়ে তোলার অন্যতম স্থান। তাই প্রতিদিন দৈনিক সমাবেশ এ নীতিবাক্য শুনানো, সত্য কথা বলতে উদ্বুদ্ধকরণ, পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, দেশের উন্নয়নে দায়িত্ব-কর্তব্য ইত্যাদি বিষয় শিক্ষার্থীদের অবহিতকরণের জন্য সম্মানিত শিক্ষকবৃন্দকে অনুরোধ করা হলো।

৭। প্রাথমিক শিক্ষায় বিগত বছরগুলোতে দেশে-বিদেশে বাংলাদেশের সমস্ত অর্জনের পেছনে শিক্ষকবৃন্দসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল অংশীজনের অবদান সন্দেহাতীত। আপনারাই পেরেছেন প্রাথমিক শিক্ষায় ইতিবাচক পরিবর্তন আনতে। আপনারাই পারবেন মৌলভীবাজার জেলার প্রাথমিক শিক্ষার মানে গুনগত পরিবর্তন আনতে।

৮। মৌলভীবাজার জেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে আপনাদের পাশাপাশি আমরা পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দও সহযাত্রী হবো- এটাই হোক নতুন বছরের প্রত্যাশা।

নতুন বছরে আপনাদের সুস্বাস্থ্য ও সুখী জীবন কামনা করছি।

(মোঃ বায়েজীদ খান)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ)
মৌলভীবাজার।

প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকবৃন্দ
........................ সরকারি প্রাথমিক বিদ্যালয়
........................, মৌলভীবাজার।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে -

১। মহা পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। পরিচালক (প্রোগ্রাম) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি ঃ প্রয়োজনীয় কার্যার্থে -

১। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
২। উপজেলা শিক্ষা অফিসার, .................. (সকল), মৌলভীবাজার- তার আওতাধীন সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিকট পত্রখানা প্রেরণ ও বিদ্যালয় পরিদর্শনে বিধি অনুযায়ী কার্যকম সম্পন্ন করণের পাশাপাশি শিক্ষার্থীদের পড়ার অগ্রগতি যাচাই এর অনুরোধসহ।
৩। সহকারি উপজেলা শিক্ষা অফিসার........... (সকল), মৌলভীবাজার- তার আওতাধীন সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিকট পত্রখানা প্রেরণ ও বিদ্যালয় পরিদর্শনে বিধি অনুযায়ী কার্যকম সম্পন্ন করণের পাশাপাশি শিক্ষার্থীদের পড়ার অগ্রগতি যাচাই এর অনুরোধসহ।
৪। প্রধান শিক্ষক, ............................ (সকল), মৌলভীবাজার- তার আওতাধীন সহকারি শিক্ষকগণকে পত্রখানা অবহিতকরণ এবং পত্রের পরামর্শ বাস্তবায়নে পরিকল্পণা গ্রহণ ও বাস্তবায়নের অনুরোধসহ।
৫। সংরক্ষণ নথি।